# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩০৬১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

আরবী

وَعَنْ قَبِيصَةَ بْنِ ذُؤَيْبٍ قَالَ: جَاءَتِ الْجَدَّةُ إِلَى أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ تَسْأَلُهُ مِيرَاثَهَا فَقَالَ لَهَا: مَا لَكِ فِي كِتَابِ اللَّهِ شَيْءٌ وَمَا لَكِ فِي سُنَّةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْءٌ فَارْجِعِي حَتَّى أَسْأَلَ النَّاسَ فَسَأَلَ فَقَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ: حَضَرْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطَاهَا السُّدُسَ فَقَالَ أَبُو بَكْرٍ رَضِيَ الله عَنهُ هَل مَعَك غَيره؟ فَقَالَ مُحَمَّدُ بْنُ مَسْلَمَةَ مِثْلَ مَا قَالَ الْمُغِيرَةِ فأنفذه لَهَا أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ ثُمَّ جَاءَتِ الْجدّة الْأُخْرَى إِلَى عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ تَسْأَلُهُ مِيرَاثَهَا فَقَالَ: هُوَ ذَلِك السُّدس فَإِن اجْتمعَا فَهُوَ بَيْنَكُمَا وَأَيَّتُكُمَا خَلَتْ بِهِ فَهُوَ لَهَا. رَوَاهُ مَالِكٌ وَأَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالدَّارِمِيُّ وَابْن مَاجَه

বাংলা

৩০৬১-[২১] কবীসাহ্ ইবনু যুআয়ব হতে বর্ণিত। তিনি বলেন, আবূ বকর (রাঃ)-এর নিকট এক নানী এসে তার (কন্যার সন্তানের) উত্তরাধিকারের ব্যাপারে জানতে চাইলেন। তিনি তাকে বললেন, আল্লাহর কিতাবে তোমার কোনো অংশ নেই এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতেও তোমার কোনো অংশ নেই। এখন যাও! আমি সাহাবীদের জিজ্ঞেস করে দেখি। তারপর তিনি জিজ্ঞেস করলে মুগীরাহ্ ইবনু শু’বাহ্ (রাঃ) বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত ছিলাম, তিনি নানীকে ছয় ভাগের এক ভাগ দিয়েছেন। তখন আবূ বকর(রাঃ) বললেন, আপনার সাথে আপনি ছাড়া অপর কেউ ছিল কি? তখন মুহাম্মাদ ইবনু মাসলামাহ্ মুগীরাহ্-এর কথার অনুরূপ বললেন।

অতএব আবূ বকর(রাঃ) তার জন্য ছয় ভাগের এক ভাগ দেয়ার হুকুম দিলেন। (কবীসাহ্ বলেন,) অতঃপর একদিন অন্য দাদী এসে ’উমার (রাঃ)-কে তার উত্তরাধিকার সম্পর্কে জিজ্ঞেস করল। তিনি বললেন, সে ছয় ভাগের এক ভাগই। তোমরা যদি উভয়ে থাক তবে তা তোমাদের মধ্যে সমানভাবে বণ্টন হবে। তবে উভয়ের মধ্যে একজন হলে তা তারই (হক) হবে। (মালিক, আহমাদ, তিরমিযী, আবূ দাঊদ, দারিমী ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২১০১, আবূ দাউদ ২৮৯৪, ইবনু মাজাহ ২৭২৪, আহমাদ ১৭৯৮০, দারিমী ২৯৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে এক দাদী আবূ বাকর -কে তার প্রাপ্ত অংশ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি তাকে বলেন, দাদীর অংশ কুরআন-হাদীসে বর্ণিত হয়নি। সুতরাং আমি সাহাবীদেরকে বিষয়টি জিজ্ঞেস করব। তিনি মুগীরাহ্ ইবনু শু‘বাহ্-কে জিজ্ঞেস করলে তিনি বলেন- আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত ছিলাম। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দাদীকে এক-ষষ্ঠাংশ দিয়েছেন। আবূ বাকর এভাবে দু’জনের সাক্ষ্য নিয়ে দাদীকে এক-ষষ্ঠাংশ দিয়ে দিলেন।

অনুরূপভাবে অন্য একজন দাদী ‘উমার ইবনুল খত্ত্বাব-এর নিকটে আসলে তিনি তাকে এক-ষষ্ঠাংশ দেন। তবে এই এক-ষষ্ঠাংশ দাদীর প্রাপ্তাংশ, চাই দাদী একজন হোক বা একাধিক হোক। তবে এক্ষেত্রে যদি দাদীর সাথে মৃত ব্যক্তির মা থাকে তাহলে দাদী-নানী সবাই বঞ্চিত হবে। আর যদি মৃত ব্যক্তির পিতা থাকে তাহলে শুধুমাত্র দাদী বঞ্চিত হবে নানী বঞ্চিত হবে না। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২১০০; মিরকাতুল মাফাতীহ)

বিঃ দ্রঃ ‘আরবীতে جَدَّةٌ শব্দের অর্থ- দাদী-নানী। তাই দাদী-নানীর একই বিধান।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন